

**শিক্ষামন্ত্রী ওয়ার্ড এডুকেশন
কংগ্রেস এ্যাওয়ার্ড পাচ্ছেন**

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ ওয়ার্ড এডুকেশন কংগ্রেস এ্যাওয়ার্ড পাচ্ছেন। ওয়ার্ড এডুকেশন কংগ্রেস (ডব্লিউইসির) এ্যাওয়ার্ড এন্ড একাডেমিক কমিটির চেয়ারম্যান এডওয়ার্ড শিখ এক চিঠিতে নূরুল ইসলাম নাহিদকে বিষয়টি জানিয়ে আগামী ২৯ ও ৩০ জুনে জারজের মুম্বাইয়ে অনুষ্ঠিতব্য কংগ্রেসের অধিবেশনে পদক প্রদান ও বিশেষ বক্তা হিসেবে বক্তব্য প্রদানের অনুরোধ জানিয়েছেন। এ অধিবেশনে বিশ্বের খ্যাতনামা স্কলার, পবেষক, শিক্ষক, শিক্ষাবিদ, শিক্ষামন্ত্রীরা উপস্থিত থাকবেন।

শিখ তার চিঠিতে জানিয়েছেন, ডব্লিউইসির ডুবী ও কাউন্সিল অব বোর্ড মেম্বার্স এবছর শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদানের জন্য বাংলাদেশের শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদকে এ পদক প্রদান করছে। শিক্ষাক্ষেত্রে নূরুল ইসলাম নাহিদের অবদান ও নেতৃত্ব সুবিদিত। তার জাত্ত্ববোধকে আইকন হিসেবে উল্লেখ করা হয়েছে। কমিটির চেয়ারম্যানের চিঠিতে আরো উল্লেখ করা হয়েছে, একজন চিন্তাবিদ ও কবি হিসেবেও তিনি বড়দ ব্যক্তিত্ব। তিনি পরিবর্তনের অগ্রদূত। ডব্লিউইসি একটি গ্লোবাল উপদেষ্টা কাউন্সিল দ্বারা পরিচালিত হয়। শিক্ষাক্ষেত্রে বিশ্বের সর্বোত্তম অবদানের জন্য এ পদক প্রদান করা হয়ে থাকে।